রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সংস্থাপন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১লা সেপ্টেম্বর ১৯৯৮ইং/১৭ই ভাদ্র ১৪০৫বাং

এস, আর, ও নং-১৯৮-আইন/৯৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড এবং নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা ঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "বাংলাদেশ সচিবালয়" অর্থ সরকারের সকল মন্ত্রণালয় ও বিভাগ;

(ছ) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



মূল্য ঃ টাকা ৪·০০

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অথবা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্যে পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী, এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং-সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লেখিত বয়সসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি

স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী অথবা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীতে অথবা ৩য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ ঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে তাহার চাকুরী স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ,—

(১) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(২) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশ-বলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—(১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা জারী করার সঙ্গে—

(ক) তফসিল-১ এর কলাম ১ এর ক্রমিক নং ২ ও ৩ এর বিপরীতে উল্লিখিত প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা পদে ২৮শে এপ্রিল, ১৯৯৭ ইং তারিখে কর্মরত ব্যক্তিগণ দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদায় উক্ত তারিখে উক্ত পদসমূহে পদায়িত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং উক্ত তারিখের পরবর্তীতে উল্লিখিত পদসমূহ তফসিল-১ এ বর্ণিত পদ্ধতিতে পূরণ করিতে হইবে ;

(খ) তফসিল-১ এ উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে ;

(গ) তফসিল-১ এ উল্লেখিত পদসমূহের জন্য (১) The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 ; (২) The Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 ; (৩) নিম্নমান সহকারী (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৭৯ ; (৪) The Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984 ;

(৫) সচিবালয়/মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রধান সহকারী (হেড এ্যাসিসটেন্ট) পদের নিয়োগ বিধি, ১৯৮৬ ; এবং (৬) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএলএসএস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩-এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার আওতাভুক্ত বাংলাদেশ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে এই বিধিমালার বিধান প্রযোজ্য হইবে ;

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা বলবৎ হইবার অব্যবহিতপূর্বে উল্লেখিত বিধিমালাসমূহের আওতায় কোন কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে তাহা যে সকল ব্যক্তির ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হয় সে সকল ব্যক্তির ক্ষেত্রে, যতদূর সম্ভব, এই বিধিমালা অনুসারে নিষ্পন্ন করিতে হইবে ; এবং এই বিধিমালা বলবৎ হইবার প্রেক্ষিতে বাংলাদেশ সচিবালয়ের ক্যাডার বহির্ভূত গেজেটেড এবং নন-গেজেটেড পদধারীগণের ক্ষেত্রে উক্ত বিধিমালাসমূহের আওতায় ইতঃপূর্বে গৃহীত কোন ব্যবস্থা বা সম্পাদিত কার্যের বৈধতা ক্ষুণ্ন হইবে না।

## তফসিল-১

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) | - | প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে (পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয়, নির্বাচন কমিশন সচিবালয় এবং সরকারী কর্ম-কমিশন সচিবালয় এর সংশ্লিষ্ট পদধারীগণ ব্যতীত)। | ফিডার পদে ন্যূনতম সাত বৎসরের চাকুরী। তবে এই বিধিমালার ৭(ক) অনুচ্ছেদের উল্লেখিত বিশেষ বিধানের আওতাভুক্তদের ক্ষেত্রে, পদ উন্নীত-করণের পূর্বের পদের চাকুরীসহ দশ বৎসরের চাকুরী। |
| ২। | প্রশাসনিক কর্মকর্তা | - | (১) শতকরা ৪৫ ভাগ অফিস সহকারী ও অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে;<br>(২) শতকরা ২০ ভাগ মুদ্রাক্ষরিক ও মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | <u>পদোন্নতির জন্য ঃ</u><br>ফিডার পদে ন্যূনতম পাঁচ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | অনূর্ধ্ব ৩০ বৎসর | (৩) শতকরা ৩৫ ভাগ সরাসরি নিয়োগর মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(২) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩। | ব্যক্তিগত কর্মকর্তা | | (১) শতকরা ৫০ ভাগ নিম্নবর্ণিত ক্রমানুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে নিম্নলিখিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, যথা ঃ-<br>(ক) সিলেকশন গ্রেড প্রাপ্ত সাঁট-মুদ্রাক্ষরিক;<br>(খ) সাঁট-মুদ্রাক্ষরিক; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | পদোন্নতির জন্য ঃ-<br>ফিডার পদে ন্যূনতম পাঁচ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং |
| | | অনূর্ধ্ব ৩০ বৎসর | (২) শতকরা ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (২) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪। | সাঁট-মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | অফিস সহকারী | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ঐ | (১) শতকরা ২৫ ভাগ ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী ও এমএলএসএস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | পদোন্নতির জন্য ঃ<br>(১) ফিডার পদে বা পদসমূহে পাঁচ বৎসরের চাকুরী;<br>(২) স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(৩) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ এবং ইংরেজীতে ২৮টি শব্দের গতি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | অনূর্ধ্ব ৩০ বৎসর | (২) শতকরা ৭৫ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(১) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | | (১) শতকরা ২৫ ভাগ ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী ও এমএলএসএস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | (১) ফিডার পদে বা পদসমূহে পাঁচ বৎসরের চাকুরী;<br>(২) স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(৩) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০টি শব্দ এবং ইংরেজীতে ২৮টি শব্দের গতি। |
| | | ঐ | (২) শতকরা ৭৫ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(১) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) তফসিল ৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮। | মুদ্রাক্ষরিক | | (১) শতকরা ২৫ ভাগ ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী ও এমএলএসএস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | পদোন্নতির জন্য ঃ<br>(১) ফিডার পদে বা পদসমূহে পাঁচ বৎসরের চাকুরী;<br>(২) স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(৩) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০টি শব্দ এবং ইংরেজীতে ২৮টি শব্দের গতি। |
| | | অনুর্ধ্ব ৩০ বৎসর | (২) শতকরা ৭৫ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(১) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) তফসিল ৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | প্লেইন পেপার কপিয়ার | | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী ও এমএলএসএস পদধারীগণের মধ্য হইতে পর্দোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য ঃ<br>(১) ফিডার পদে বা পদসমূহে পাঁচ বৎসরের চাকুরী।<br>(২) প্লেইন পেপার কপিয়ার মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | অনুর্ধ্ব ৩০ বৎসর | | সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(১) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) প্লেইন পেপার কপিয়ার মেশিন চালনায় দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১০। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | | দপ্তরী ও এমএলএসএস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য ঃ<br>(১) ফিডার পদে বা পদসমূহে চার বৎসরের চাকুরী; এবং<br>(২) ডুপ্লিকেটিং মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। |
| | | অনুর্ধ্ব ৩০ বৎসর | | সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(১) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) ডুপ্লিকেটিং মেশিন চালনায় দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১১। | দপ্তরী | | এমএলএসএস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে তিন বৎসরের চাকুরী। |
| ১২। | এমএলএসএস | অনুর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস। |

## তফসিল-২

প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষা বিষয়, নম্বর ইত্যাদি।

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষাঃ | ২০০ | ৫০% | |
| ১. | বাংলা | ৭৫ | | ৩ ঘন্টা |
| ২. | ইংরেজী | ৭৫ | | |
| ৩. | অংক | ২৫ | | |
| ৪. | সাধারণ জ্ঞান | ২৫ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট | ২১০ | | |

নোটঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তফসিল-৩

ব্যক্তিগত কর্মকর্তা, সাঁট-মুদ্রাক্ষরিক, অফিস সহকারী, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস-সহকারী ও মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষা বিষয়, নম্বর ইত্যাদি।

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষাঃ | ১০০ | ৫০% | |
| ১. | বাংলা | ৩০ | | ৯০ মিনিট |
| ২. | ইংরেজী | ৩০ | | |
| ৩. | অংক | ২০ | | |
| ৪. | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট | ১১০ | | |

নোট ঃ লিখিত পরীক্ষায় এবং তফসিল-৪এ বর্ণিত সাঁট-লিপি/মুদ্রাক্ষরিক টেষ্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তপসিল-৪

### অংশ-ক

**ব্যক্তিগত কর্মকর্তা ও সাঁট-মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি।**

| পদের নাম | ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সাঁটলিপি | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| | মুদ্রাক্ষর | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক | ২৮ শব্দ | ২৩ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০মিনিট |

### অংশ-খ

**ব্যক্তিগত কর্মকর্তা ও সাঁট-মুদ্রাক্ষরিক পদধারীগণের সিলেকশন গ্রেডের জন্য সাঁটলিপি ও মুদ্রাক্ষর পরীক্ষার গতি।**

| পদের নাম | সাঁটলিপি | | মুদ্রাক্ষর | |
|---|---|---|---|---|
| | ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে). | ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) |
| ব্যক্তিগত কর্মকর্তা | ১০০ শব্দ | ৭০ শব্দ | ৩৫ শব্দ | ৩০ শব্দ |
| সাঁট-মুদ্রাক্ষরিক | ৮০ শব্দ | ৫০ শব্দ | ৩০ শব্দ | ২৫ শব্দ |

নোট ঃ (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্ধ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা এবং ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি ষ্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাশ নম্বর (৪০%) হিসেবে গণ্য করা হইবে।

(৫) ব্যক্তিগত কর্মকর্তা ও সাঁট-মুদ্রাক্ষরিক পদে সিলেকশন গ্রেড প্রাপ্তির জন্য অংশ-খ প্রযোজ্য হইবে।

## তফসিল-৫

### অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি

| ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | বাংলা মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ২৮ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

নোট ঃ (১) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি ষ্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ শাহ্ মোহাম্মদ ফরিদ
সচিব।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।